APR. 1 1 2002

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৮ কলাম ...২

পটুয়াখালী একেএম কলেজ

# অবশেষে অব্যাহতি চেয়ে অধ্যক্ষের আবেদন

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ পটুয়াখালী জেলা শহরের একমাত্র বেসরকারি এ.কে.এম কলেজের অধ্যক্ষ দুলাল চন্দ্র সাহা ব্যক্তিগত অসুবিধার কথা উল্লেখ করে অধ্যক্ষের পদ থেকে অব্যাহতি চেয়ে কলেজ পরিচালনা পরিষদের সভাপতির কাছে আবেদন করেছেন। গত ৬ই এপ্রিল তাকে নিয়ে সৃষ্ট ঘটনার প্রতিবাদ জানিয়ে ওইদিনই বিকেলে তিনি এ অব্যাহতির আবেদন করেন।

প্রতিবাদলিপিতে অধ্যক্ষ দুলাল চন্দ্র সাহা উল্লেখ করেছেন, গত ১৩ই মার্চ তারিখে তার মেয়ের চোখের চিকিৎসার জন্য বিধিমোতাবেক ছুটি নিয়ে তিনি ভারতে যান। তার অনুপস্থিতির সুযোগে কে বা কারা অনিয়মতান্ত্রিকভাবে কলেজে ভাঙচুর, মিটিং, মিছিল করে কলেজের স্বাভাবিক পরিবেশ নষ্ট করে। ভারত থেকে যথাসময়ে ফিরে কলেজে তার কক্ষের দরজায় তিনি তালা লাগানো দেখতে পান। ফলে তার কক্ষে তিনি ঢুকতে পারেননি।